

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ১০ সেপ্টেম্বর ২০১৫/ ২৬ ভাদ্র ১৪২২

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০১৪.০১.১৫-১৫০ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার উন্নয়ন প্রকল্পে প্রতিস্থাপক পরামর্শক নিয়োগ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করিয়াছেঃ

(ক) কমিটির গঠন:

- | | | |
|-----|--|--------------|
| (১) | প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগের সচিব | - সভাপতি |
| (২) | প্রধানমন্ত্রীর মুখ্যসচিব কর্তৃক মনোনীত মহাপরিচালক পর্যায়ের একজন কর্মকর্তা | - সদস্য |
| (৩) | সচিব, পরিকল্পনা বিভাগ কর্তৃক মনোনীত অন্যান্য যুগ্মসচিব পর্যায়ের একজন কর্মকর্তা | - সদস্য |
| (৪) | সচিব, অর্থ বিভাগ কর্তৃক মনোনীত অন্যান্য যুগ্মসচিব পর্যায়ের একজন কর্মকর্তা | - সদস্য |
| (৫) | সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক মনোনীত অন্যান্য যুগ্মসচিব পর্যায়ের একজন কর্মকর্তা | - সদস্য |
| (৬) | সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কর্তৃক মনোনীত অন্যান্য যুগ্মসচিব পর্যায়ের একজন কর্মকর্তা | - সদস্য |
| (৭) | প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা প্রধান | - সদস্য-সচিব |


(খ) কার্যপরিধি :

কমিটি সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান, নির্দেশনা ও RFP দলিল অনুসরণপূর্বক প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠানের মুখ্য জনবল/বিশেষজ্ঞ/ব্যক্তি প্রতিস্থাপনের প্রস্তাব বিবেচনা করিবে।

- (গ) এ সম্পর্কে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ইতিপূর্বে জারিকৃত সকল প্রজ্ঞাপন বাতিল বলিয়া গণ্য হইবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ মোস্তাফিজুর রহমান)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

উপপরিচালক

বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়

প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করে ২০০ (দুইশত)

কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হইল]